যুগান্তর

তারিখ 18 NOV 2006
পৃষ্ঠা ১০ কলাম ৪

# আবার অপাত্রে ১০১ কম্পিউটার দিচ্ছে বরিশাল শিক্ষা বোর্ড

বরিশাল ব্যুরো

দুই দফায় ৩৪২ সেট কম্পিউটার অপাত্রে বিতরণের পর এবার তৃতীয় দফায় একইভাবে আরও ১০১ সেট কম্পিউটার বিতরণের প্রক্রিয়া চূড়ান্ত করেছে বরিশাল শিক্ষা বোর্ড। যথাযথ নীতিমালা না মেনে এসব কম্পিউটার বিতরণ করা হচ্ছে। বোর্ডের একশ্রেণীর কর্মকর্তা-কর্মচারীর সীমাহীন দুর্নীতির কারণে এ জাতীয় ঘটনা বারবার ঘটছে বলে অভিযোগ পাওয়া গেছে।

কম্পিউটার প্রদানের ক্ষেত্রে বেশ কিছু নীতিমালা বেঁধে দেয়া হয় সরকারের পক্ষ থেকে। নীতিমালার মধ্যে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার শিক্ষক নিয়োগ এবং বিদ্যুৎ সংযোগসহ প্রয়োজনীয় অবকাঠামো থাকা বাধ্যতামূলক করা হয়। বরিশাল শিক্ষা বোর্ডের কম্পিউটার বিতরণে এই নীতিমালা মানা হয়নি। বরিশাল শিক্ষা বোর্ড ২০০৩ সালের ২৫ মে এবং ২০০৫ সালের ৩১ আগস্ট ২ দফায় ২৯৩টি শিক্ষা প্রতিষ্ঠানে ৩৪২ সেট কম্পিউটার বিতরণ করে। শিক্ষা বোর্ডের নির্ভরযোগ্য একাধিক সূত্র জানিয়েছে, বিতরণকৃত এই কম্পিউটারগুলোর মধ্যে বরিশালের মেহেন্দীগঞ্জ উপজেলার উলানিয়া ডিগ্রি কলেজের কম্পিউটারটি অধ্যক্ষের কক্ষে অব্যবহৃত অবস্থায় পড়ে আছে। ওই এলাকায় বিদ্যুৎ না থাকলেও কম্পিউটার দেয়া হয়েছে। ভোলার তজুমদ্দিন উপজেলার বিশারামপুর মাধ্যমিক বিদ্যালয়ে দেয়া ২টি কম্পিউটারের মধ্যে ১টি ব্যবহৃত হচ্ছে শিক্ষক সরোয়ার হাওলাদারের বাসায় তার ছেলেদের গেমস খেলার উপকরণ হিসেবে। একইভাবে বরগুনার বেতাগীর পালাকান্দা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে দেয়া কম্পিউটারটিও রয়েছে বাক্সবন্দি অবস্থায়।

বিষয়টি নিয়ে পত্র-পত্রিকায় ব্যাপক লেখালেখি হলেও একই প্রক্রিয়ায় তৃতীয় দফায় আরও ১০১ সেট কম্পিউটার বিতরণের প্রক্রিয়া প্রায় চূড়ান্ত করেছে শিক্ষা বোর্ড। কম্পিউটার পাওয়ার জন্য ৪ শতাধিক আবেদন বোর্ডে জমা পড়লেও কর্তৃপক্ষ এমনসব শিক্ষা প্রতিষ্ঠানকে কম্পিউটার দিচ্ছে, যারা নীতিমালা অনুযায়ী কম্পিউটার পাওয়ার যোগ্য নয়।